দৈনিক
ইত্তেফাক

তারিখ : 14 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# বিশ্বম্ভরপুরের চারটি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা উপবৃত্তি বঞ্চিত

■ সুনামগঞ্জ প্রতিনিধি

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুর উপজেলার ৪টি শিক্ষা প্রতিষ্ঠানে পিএমটিভুক্ত ৯ম শ্রেণির শিক্ষার্থীরা বছরের ১ম কিস্তির উপ-বৃত্তির টাকা থেকে বঞ্চিত হওয়ায় তাদের মধ্যে ক্ষোভ ও হতাশা বিরাজ করছে।

চলতি বছরের জানুয়ারি থেকে জুন পর্যন্ত উপজেলার মেরুয়াখলা মমিনিয়া ফাজিল মাদ্রাসা, মাছিমপুর দাখিল মাদ্রাসা, গাজিরগাঁও দাখিল মাদ্রাসা ও ভাদেরটেক দাখিল মাদ্রাসার ৯ম শ্রেণির পিএমটিভুক্ত উপ-বৃত্তি প্রাপ্ত কোনো ছাত্র-ছাত্রীর নাম তালিকায় আসেনি।

এ ব্যাপারে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. ছরুয়ার আলম জানান, শুধুমাত্র ৪টি প্রতিষ্ঠানের ৯ম শ্রেণির পিএমটিভুক্ত শিক্ষার্থীদের নাম না আসার বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলাপ করা হয়েছে। পরবর্তীতে এ সমস্যা সমাধানের ব্যবস্থা নেয়া হবে বলে তিনি আশ্বস্ত করেন।